

Bengali creative writing **ekti mojar swopno**: ekdin rate ami ekta swopno dekhlam.  
Ami jeno akashe megheer deshe pouchhe gechi. Sekhane caridike sudhu dudh...

## একটি মজার স্বপ্ন

এক দিন রাতে আমি একটা স্বপ্ন দেখলাম। আমি যেন আকাশে মেঘের দেশে পৌঁছে গেছি। সেখানে চারিদিকে শুধু দুধ সাদা মেঘ। কোথাও কোনো জন প্রাণী নেই। সেই নরম মেঘের ওপর পা ফেলে ফেলে হাঁটতে আমার খুব মজা লাগছিল।

হাঁটতে হাঁটতে আমি হঠাৎ সামনে একটা বিশাল দরজা দেখতে পেলাম। দরজার সামনে যেতেই কে যেন আমার নাম ধরে ডেকে উঠল। আমি পেছন ফিরতেই দেখলাম এক জন সাদা পোশাক পরা কে যেন আমার পিছনে দাঁড়িয়ে। আমি ভয় পেয়ে গেলাম। সাদা পোশাক পরা লোকটি আমায় বললো যে সে ওই দ্বারের রক্ষী। ওই দ্বারটি মেঘপুরীর রাজদ্বার।

মেঘপুরীতে কে থাকে জানতে চাইলে সে আমায় সেখানে নিয়ে যাবে বলে আশ্বাস দিল। কিন্তু তার একটা সর্ত ছিল। আমি যেন সেখানে কারো সাথে কোনো কথা না বলি বা ভুল করেও যেন কিছুতে হাত না দিই, তাহলে আর কোনো দিনই সেখান থেকে বাড়ি ফিরতে পারব না।

আমি রাজি হলাম। তখন আমার সামনে সেই মেঘপুরীর রাজদ্বার খুলে গেল। ভিতরে ঢুকে আমি দেখলাম এক অপূর্ব বাগান। সেখানে নানা রঙের ফুল। সেই বাগানে পরীরা কেউ বা গান গাইছে, কেউ বা নাচ করছে আবার কেউ কেউ মনের আনন্দে খেলে বেড়াচ্ছে। বিশাল বিশাল রামধনু রঙের পাহাড়। সেখান থেকে সাত রঙ্গা ঝর্ণা ঝরে পড়ছে। বাগানের মাঝখানে আমি একটা অদ্ভূত গাছ দেখলাম। গাছের পাতাগুলো সব তুষারের আর ফুলগুলো সব কাঁচের।

আমি হাত বাড়িয়ে যেই না একটা ফুল ছুঁলাম অমনি চারদিক যেন কালো মেঘে ঢেকে গেল। পাহাড় , বাগান কোথায় যে সব হারিয়ে গেল! আমি ভয় পেয়ে দৌড়ে পালাতে গেলাম কিন্তু কিছুই দেখতে পাচ্ছিলাম না। সেই কালো মেঘের মাঝখানে আমি তলিয়ে যেতে লাগলাম।

হঠাৎ ঘুম ভেঙে গেল। তাকিয়ে দেখলাম আমি বিছানায় শুয়ে আছি। আকাশ কালো মেঘে ঢেকে গেছে। আর মুম্বলধারে বৃষ্টি পড়ছে।

পরে এই গল্পটা যখন বন্ধুদের বললাম তারা সবাই শুনে খুব হাসলো আর বলল যে আমার মেঘের দেশে যাওয়াটা মোটেই বৃথা যায়নি। কদিন যা গরম পড়েছিল।

মেঘপুরীতে যাওয়ার মজার স্বপ্নটা আমি কোনদিনই ভুলব না।

© arked